২০

দৈনিক সংবাদ

তারিখ 17 SEP 1993
পৃষ্ঠা ২ কলাম ৫

শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী

# প্রায় ৭ লাখ শিশু শিক্ষালাভ করছে

(সংসদ বার্তা পরিবেশক)

চলতি অর্থবছরে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীতে প্রায় ৬ লাখ ৯০ হাজার শিশু শিক্ষালাভ করছে। তবে ইউনিয়নে ইউনিয়নে দরিদ্র ছাত্রছাত্রীর হারে পার্থক্য থাকায় মাঠ পর্যায়ে কর্মসূচী বাস্তবায়নের সময় এই সংখ্যায় তারতম্য হতে পারে।

আওয়ামী লীগের এডভোকেট আবদুল মতিন খসরুর এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান সংসদে এই তথ্য জানান। তিনি আরো জানান, চলতি অর্থবছরে এই কর্মসূচী বাস্তবায়নে ৮৯ কোটি ২৩ লাখ ৩৩ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। জাতীয় পার্টির শাহ মোঃ রফিকুল বারী চৌধুরীর এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী জানান, বর্তমানে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় সারাদেশে ৪১ লাখ ৬৫ হাজার ২শ' ৭৯ জন ছাত্রছাত্রী শিক্ষা গ্রহণ করছে।

আওয়ামী লীগের প্রমোদ মানখিনের এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী আরো জানান, দেশে প্রাথমিক বিদ্যালয়ে গমনযোগ্য শিশুর সংখ্যা ১ কোটি ৬৯ লাখ ৯০ হাজার ১শ' ৮১ জন।